# লক্ষীর গু রোগের পূর্বাভাস

বর্তমানে নিম্নচাপের কারণে যে সমস্ত এলাকায় গুড়ি গুড়ি বৃষ্টি, মেঘাচ্ছন্ন আকাশ এবং ঠাণ্ডা আবহাওয়া বিরাজ করছে উক্ত এলাকার লক্ষীর গু রোগের প্রতি সংবেদনশীল জাত সমূহ যেমন ব্রি ধান৪৯, ব্রি ধান৭৯, স্বর্ণার কিছু কিছু জাতে এ রোগটি হওয়ার সম্ভাবনা আছে।

## রোগ পরিচিতি

এটি একটি ছত্রাকজনিত রোগ। সাধারণত আমন মৌসুমে বেশী দেখা যায়। রোগটির ফলে বীজ আক্রান্ত হয়। ছত্রাক কান্ড বীজের ভিতরের অংশ আক্রমণ করে।



চিত্র: লক্ষীর গু রোগে আক্রান্ত ধানের শিষ।

## রোগের গুরুত্ব

এ রোগের ফলে আক্রমনপ্রবন জাতে ধানের ফলন শতকরা ৫-১০ ভাগ পর্যন্ত কমতে পারে।

## রোগের কারণ

এ রোগটি *Ustilaginoidea virens* নামক ছত্রাক দ্বারা হয়।

## লক্ষীর গু রোগ দমনে করণীয়ঃ

যে সমস্ত সংবেদনশীল জাতে ফুল বের হয়েছে অথবা দুই এক দিনের মধ্যে বের হবে সে সমস্ত জমিতে বৃষ্টির আবস্থা বুঝে প্রতি ৫ শতাংশ জমিতে ২০ মিলি প্রোপিকোনাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন টিল্ট ১০ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে ৫-৭ দিন অন্তর দু'বার প্রয়োগ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** মনে রাখতে হবে লক্ষীর গু রোগ হওয়ার পূর্বেই ব্যবস্থা নিতে হবে। রোগ একবার হয়ে গেলে আর দমন করা সম্ভব নই।

**ড. এম এ লতিফ**
বিভাগীয় প্রধান
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।